**শ্রম সংস্কার কমিশনের সাথে শ্রম অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাদের মতবিনিময়**

**স্থান: শ্রম ভবন**

**তারিখ: ৯ ডিসেম্বর ২০২৪      সময়: সকাল ১১:০০ ঘটিকা**

## আইন ও নীতি কাঠামো

- আইএলওর ১০টি মৌলিক কনভেনশন বাস্তবায়ন ও প্রয়োগে বিদ্যমান ঘাটতি পূরণে অগ্রাধিকার দেওয়া।
- জাতীয় কর্মপরিকল্পনার (NAP 2021-2026) মূল বিষয় এবং ইউরোপীয় ইউনিয়ন-বাংলাদেশ শ্রমখাত সংস্কার সংলাপের সুপারিশসমূহকে বাস্তবায়নে গুরুত্ব দেওয়া।
- বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯-কে আন্তর্জাতিক শ্রম মানদণ্ডের সঙ্গে সঙ্গতিপূর্ণ করা।
- শ্রম সংস্কার কমিশন এবং ত্রিপক্ষীয় শ্রম আইন সংশোধনী কমিটির মধ্যে সমন্বয় নিশ্চিত করা।
- ইউনিয়ন গঠনের জন্য প্রয়োজনীয় সদস্যসংখ্যার হার কমানো।
- ধর্মঘটের জন্য আরোপিত জরিমানা সংশোধন করা।
- অনৈতিক শ্রমচর্চার মামলা সরাসরি দাখিলের সুযোগ প্রদান করা।

## সংগঠনের অধিকার, যৌথ দরকষাকষি ও সামাজিক সংলাপ

- কর্মক্ষেত্রে আঘাতেজনিত সুরক্ষা প্রকল্প (EIS) এবং টেক্সটাইল ও লেদার খাতের শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্পগুলোর মাধ্যমে শ্রমিকদের সামাজিক সুরক্ষায় উদ্যোগ গ্রহণ।
- শিশুশ্রম নির্মূলের জন্য সরকারের ২০২৫ সালের প্রতিশ্রুতি অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ এবং নাগরিক সমাজের সঙ্গে সহযোগিতা বাড়ানো।
- ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (TCC) এবং তৈরি পোশাক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (RMGTCC) এর সংস্কার কার্যক্রম দ্রুত সম্পন্ন করা এবং সদস্য নির্বাচনের জন্য সার্চ কমিটির কার্যক্রম ত্বরান্বিত করা।

## এলডিসি গ্রাজুয়েশনের চ্যালেঞ্জ মোকাবিলা

- এলডিসি গ্রাজুয়েশনের ফলে সৃষ্ট চ্যালেঞ্জ সমাধানে বাস্তবসম্মত প্রতিশ্রুতি প্রদান।
- কর্মসংস্থান সৃষ্টি, শোভন কাজের সুযোগ, ক্রেতাদের অংশীদারিত্বে ন্যায্য মজুরি নিশ্চিত করা।
- ইউনিয়ন প্রতিনিধিত্ব এবং শিল্প সম্পর্কের মধ্যে ভারসাম্য রক্ষা করা।